



কিশোরের গলায় ছুরি মারার অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : ফরমাইস না সোনায় কিশোরের গলায় ছুরি মারার অভিযোগ। ঘটনায় গুরুতর জখম সাগর বাল্মিকী ক্লাস ফাইবে পড়ে। তাকে দ্রুত নিয়ে যাওয়া হয় বেলুড় হাসপাতালে। এলাকার মানুষই নিয়ে যায় তাকে। সেখানেই চিকিৎসা চলছে পঞ্চম শ্রেণির ওই ছাত্রের। অভিযুক্ত যুবক রাজা বাল্মীকি পলাতক বলে জানা গিয়েছে। কিশোরের পরিবারের অভিযোগ ওই যুবক প্রতিদিন নানা অজুহাতে ছাত্রটিকে ফাইফাস কাজ করাত। অভিযুক্ত যুবক পড়ার সময়েত দোকানে পাঠাত এটা ওটা নানা জিনিস কিনতে। দু'দিন আগে বিকেলে পড়তে যাওয়ার সময় রাজা সাগরকে দোকানে যেতে বলে । সাগর সেই সময় বাড়ির জল নিয়ে এসে পড়তে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিল। তাই সে বলে এখন দোকানে যেতে পারবে না। এই ঘটনার শোধ তুলতে শুক্রবার সন্ধেবেলা সাগরকে খামারপাড়া জল ট্যাঙ্কের পিছনে নিয়ে গিয়ে আচমকা গলায় ছুড়ি চালিয়ে দেয় ওই যুবক। আতঙ্কে চিৎকার করে ওঠে সাগর। তখনি এলাকার লোকজন ছুটে গিয়ে উদ্ধার করে সাগরকে, ছুটে পালিয়ে যায় রাজা। ঘটনার তদন্তেবেলুড় থানার পুলিশ।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	4					5		8
				7	2			
	6		8		5	9	2	
1		7		6				
	2						6	
				4		3		2
	8	3	7		6		9	
			9	8				
5		9					8	

গতকালের সমাধান

5	8	4	9	6	3	2	1	7
6	7	1	4	8	2	9	5	3
2	9	3	7	1	5	6	8	4
8	4	9	6	7	1	5	3	2
1	6	5	2	3	9	7	4	8
7	3	2	5	4	8	1	9	6
3	2	6	1	9	4	8	7	5
4	1	7	8	5	6	3	2	9
9	5	8	3	2	7	4	6	1

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৪ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২২ ডিগ্রি ও ১২ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৮, **সূর্যাস্ত:** ঘ ৫:১২ **জোয়ার:**ভোর : ৫:২০। **ভাঁটা:** সকাল : ১০:২৮।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.3823
INR / 1 Euro	76.5024
INR / 100 Jap. YEN	56.0600
INR / 1 Pound Sterling	86.0225

শেয়ারসূচক

BSE	34,153.85 ▲	(+184.21)
NIFTY	10,558.85 ▲	(+54.05)

শব্দলিপি- ১০৮৪

১	২		৩	■	৪		৫
■		■		■		■	
৬				■		■	
	■	■	৭	৮			
৯		১০			■	■	
	■		■	১১		১২	
	■		■		■		■
১৩			■	১৪			

মিনতি দোলুই

পাশাপাশি ঃ ১। ভস্মাবৃত ৪। চালাক নারী ৬। হঠাৎ ৭। পারদঘটিত আয়ুর্বেদীয় ওষুধ বিশেষ ৯। ব্যঙ্গে উপবাস ১১। এখনকার ১৩। নবতি ১৪। ন্যায্য দাবিদার

উপরনীচ ঃ ২। অবধি ৩। হজমি রস ৪। তীব্র ঔজ্জ্বল্য প্রকাশ ৫। রাধামোহন ৬। বায়ুমণ্ডলবিদ্যা ৮। জোগান ১০। অত্যন্ত কর্কশ ও অস্বাভাবিক চড়া ১২। কণ্ঠে মালদহ

সমাধান ঃ শব্দলিপি - ১০৮৩

পাশাপাশি ঃ ১। মনোহারী ৩। নেপাল ৬। চপেটিকা ৮। পত্রবাহক ১০। রত্নাবলি ১২। নরলোক ১৪। কানাত ১৫। আটচালা

উপরনীচ ঃ ১। মলয়পবন ২। হাবাগোবা ৪। পালটি ৫। কড়কচ ৭। কাবুলিওয়ালা ৯। হরকত ১১। নাগরীটি ১৩। রসনা

বনগাঁয় হাতেনাতে পাকড়াও নকল বিড়ি কোম্পানির মালিক

নিজস্ব সংবাদদাতা, বনগাঁ : নামী কোম্পানির নকল বিড়ি বিক্রির রমরমা কারবার। হাতেনাতে পাকড়াও করে পুলিশের হাতে দিল ওই কোম্পানির লোকেরা। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার বনগাঁ থানার আমলাপাড়া এলাকায়। কোম্পানির মালিক সরোজ বালা বলেনস প্রায় বছর তিনেক ধরে আমার কোম্পানীর নামে নকল বিড়ি বাজারে বিক্রি হচ্ছিল। এই বিষয়ে অনেকবার পুলিশকেও জানিয়েছি। কিন্তু কোনও সুরাহা হচ্ছিল না। ওই নকল বিড়ির রমরমার ফলে আমার কোম্পানির বিড়ি বাজারে মার খেয়ে যাচ্ছিল। ফলে আমরা নিজেরাই ওই নকল কোম্পানীর লোকদের ধরার চেষ্টা শুরু করি। পরে প্রসেনজিৎ বিশ্বাস নামে এক যুবককে নকল বিড়ি সহ হাতেনাতে পাকড়াও করে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। পুলিশসূত্রে জানা গিয়েছে, মুর্শিদাবাদ থেকে ওই নকল বিড়ি আসত বনগাঁর পূর্ব পাড়ার বাসিন্দা এক ব্যক্তির বাড়িতে। পরে সেখান থেকে সাপ্লাই করা হতো এই সমস্ত নকল বিড়ি। আর এই নকল বিড়ির দাপটে আসল বিড়ি কোম্পানি ব্যাপকভাবে মার খাচ্ছিল।

ভাগ্যলিপি

মেষ

সন্তানের চাহিদা আজ আপনাকে পূরণ করতে হবে। চিকিৎসার ক্ষেত্রের সঙ্গে যুক্ত ব্যক্তিরা সফল হবে।

বৃষ

একটা কাজের দিন সহকর্মিরা আজ আপনার সঙ্গে সমানভাবে কাজ করবেন।

মিথুন

আবেগতারিত না হয়ে যা বলছে তা শোনার চেষ্টা করুন। তাহলে আপনি সফল হবেন।

কর্কট

ভালো মন্দ না ভেবে এগনোর চেষ্টা করুন। তাহলে ফল লাভ করতে পারবেন।

সিংহ

আপনার কাজ সহজেই হয়ে যাবে। কাজেই ধৈয্য ধরুন, সাফল্য আসবে।

কন্যা

আর্থিক দামাডলের মধ্যে আপনাকে। সল্পমেয়াদি লক্ষ পূরণ হতে পারে আজ।

তুলা

ভালো সময়ের মধ্যেদিন আটবে আপনার। পিকনিকের মেজাজে আজ দিন কাটাবে।

বৃশ্চিক

যে প্রতিশ্রুতি দিয়ে ছিলেন তা পূরণ করার জন্য আপ্রাণ চেষ্টা চালিয়ে যান।

ধনু

একটা ভালোদিন অপেক্ষা করছে আপনার জন্য। সফল হবেন।

মকর

হঠাৎ করে কাজের বোঝা বাড়বে। কিছুটা ঝুঁকি নিতে হবে। সময় পেলে সুযোগ কাজে

কুম্ভ

ধর্মীয় ব্যাপারে আজ আপনাকে অর্থ ব্যয় করতে হতে পারে।

মীন

আপনার স্বাস্থ্যনিয়ে সমস্যা পড়তে হতে পারে। প্রয়োজনে চিকিৎসকের পরামর্শ নিন।

শিক্ষাক্ষেত্রে ইউজিসির গাইড লাইন মেনে চলতে হবে, জানালেন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়

নিজস্ব সংবাদদাতা, বারাসত : শিক্ষক নিয়োগ এবং বেতন সংক্রান্ত বিষয়গুলি বেসরকারি স্তরে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই ইউজিসির গাইড লাইন মেনে চলতে হবে। এই নিয়ম মেনে চললে শিক্ষার মানেরও উন্নতি ঘটবে। শনিবার বারাসতে অ্যাডামাস বিশ্ববিদ্যালয় আয়োজিত আন্তর্জাতিক স্তরের কনফারেন্সের সূচনা করতে এসে একথা বলেন রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। তিনি জানান, অ্যাডামাস বিশ্ববিদ্যালয় অবশ্য ইউজিসি-র গাইড লাইন মেনেই কাজ করছে। ফলও পাচ্ছে তারা। অ্যাডামাস বিশ্ববিদ্যালয়ের আচার্য সমিত রায়কে পাশে বসিয়েই একথা জানান উচ্চ শিক্ষামন্ত্রী। ১১ জন বিদেশি প্রতিনিধিদের সামনেই উচ্চ শিক্ষার মান উন্নয়নে বর্তমান সরকারের প্রচেষ্টার পরিসংখ্যান তুলে ধরে তিনি বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী হওয়ার পর রাজ্যে উচ্চ শিক্ষার মান আগের থেকে অনেক উন্নতি হয়েছে। আগে যেখানে মাত্র ১৩টি বিশ্ববিদ্যালয় ছিল। আমরা ক্ষমতায় আসার পর নতুন করে ২৩টি বিশ্ববিদ্যালয় তৈরি করেছি। আগামীদিনে আরও চারটি নতুন কলেজ তৈরির পরিকল্পনা নিয়েছে রাজ্যে সরকার। তিনি বলেন, বাম আমলে রাজ্যের মেধা ভিন রাজ্যে বা বিদেশ থেকে ছেলেমেয়েরা পড়াশুনার জন্য এরাজ্যে আসছেন। সেই সংখ্যা ১২ হাজার। আর এটা সম্ভব হয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রীর জন্য। মহিলাদের শিক্ষার মানেরও উন্নতি করেছেন তিনি। মুখ্যমন্ত্রী কন্যাশ্রী বিশ্বে সমাদৃত হয়েছে। এর সাফল্যের ক্ষেত্রে মহিলারাও সচেতন আছেন। শেষে দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীরাও যাতে এই বিশ্ববিদ্যালয়ে পড়ার সুযোগ পায়, উচ্চ শিক্ষামন্ত্রী সেদিকটাও ভেবে দেখার অনুরোধ জানিয়েছেন অ্যাডামাস বিশ্ববিদ্যালয়ের আচার্যের কাছে। শনিবার বারাসতের অ্যাডামাস বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অনুষ্ঠিত হল আন্তর্জাতিক মানের একটি সেমিনার। উচ্চশিক্ষার মানের উন্নতির লক্ষ্যেই এই সেমিনার। ফিলিপিন্স, ইউ কে, জার্মানি, মঙ্গোলিয়া সহ বিভিন্ন বিষয়ে এগারোজন বিদেশি বিশেষজ্ঞ প্রতিনিধি এই সেমিনারে অংশ নেন। অ্যাডামস বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সামনে উচ্চ শিক্ষার মান উন্নয়নের ক্ষেত্রে তাঁদের মূল্যবান বক্তব্য পেশ করেন তাঁরা। এদিনের এই অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক ছাড়াও উপস্থিত ছিলেন মধ্যমগ্রামের বিধায়ক রথীন ঘোষ, রাজ্য বিধানসভার মুখ্য সচেতক নির্মল ঘোষ।

স্বামীজির জন্মদিবসে দুঃস্থদের পাশে দক্ষিণ দমদমের স্বেচ্ছাসেবী সংস্থা

নিজস্ব সংবাদদাতা : 'বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর, জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর' স্বামীজির এই বাণীকেই আপ্ত বাক্য করে পথ চলেছে দক্ষিণ দমদম পুরসভা এলাকার পাতিপুকুর লোকনাথ সেবা সমিতি।

স্বামীজির ১৫৬ তম জন্মদিবসের দিন এলাকার পিছিয়ে পড়া পরিবারের শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হয় স্কুল ব্যাগ, শিক্ষা সামগ্রী। ১৭৫ জন ছাত্রছাত্রীদের হাতে তুলে দেওয়া শিক্ষা সরঞ্জাম। এছাড়াও এলাকার দুস্থ প্রবীণ, প্রবীণাদের হাতে তুলে দেওয়া হয় কম্বল ও নতুন বস্ত্র। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধাননগরের বিধায়ক তথা দক্ষিণ দমদম পুরসভার উপ-পুরপ্রধান সুজিত বসু। এদিনের অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্টদের মধ্যে ছিলেন ডাঃ বিপুল চন্দ্র সেন, ডাঃ নির্মল চন্দ্র দাস, অবিরাম গোয়েল সহ বহু বিশিষ্ট ব্যক্তিরা।

লরির ধাক্কায় মৃত্যু হল যুবতীর

নিজস্ব সংবাদদাতা, দুবরাজপুর : লরির ধাক্কায় মৃত্যু হল যুবতীর। আহত হয়েছেন যুবতীর বাবা। দুর্ঘটনাটি ঘটেছে দুবরাজপুরের সালনদীর গড়গড়া সেতুতে। মৃতের নাম দিলরুবা খাতুন (১৮)। আহত হয়েছেন দিলরুবার বাবা সৈয়দ সাহজাহান।

সৈয়দ সাহজাহান পশ্চিম বর্ধমানের ঝাঁঝরা কোলিয়ারিতে কর্মরত। কিন্তু, তাঁর আদি বাড়ি দুবরাজপুর থানার আউলিয়া গ্রামে। শুক্রবার মেয়ে দিলরুবাকে ঝাঁঝরা থেকে কলকাতায় ডাক্তার দেখাতে নিয়ে গিয়েছিলেন। শনিবার বেলার দিকে আউলিয়া থেকে ঝাঁঝরা ফিরছিলেন তাঁরা। দিলরুবা তাঁর মাসির স্কুটিতে বাবাকে বসিয়ে ঝাঁঝরা যাচ্ছিলেন। গড়াগড়া সেতুর কাছে পেছন থেকে একটি ১০ চাকার লরি ধাক্কা মারে তাঁদের স্কুটিকে। পড়ে যান দু'জনেই।

ঘটনাস্থলেই মৃত্যু হয় দিলরুবার। গুরুতর আহত সৈয়দ সাহজাহানকে সিউড়ি হাসপাতালে ভর্তি করেন স্থানীয় মানুষ।

ঘাতক লরিটিকে আটক করা গেলেও চালক ও খালাসি পলাতক। দুর্ঘটনার জেরে ওই রাস্তায় বেশ কিছুক্ষণ যানজট তৈরি হয়।

হাওড়ায় স্যালুট ২০১৮ অনুষ্ঠানে উৎসাহ

"এগিয়ে বাংলা"
Reg. No. S/2L No. 59737
স্যালুট-২০১৮

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বহু মহা কর্মযজ্ঞের পর হাওড়া জেলায় এগিয়ে বাংলার সর্বপ্রথম প্রয়াস স্যালুট-২০১৮ অনুষ্ঠিত হয়ে গেল গত ১০ জানুয়ারি হাওড়া শরৎ সদনে। এই অনুষ্ঠানে হাওড়া কমিশনারেটের অন্তর্গত সমস্ত থানা কে সম্বর্ধনা, হাওড়া জেলার সমস্ত কলেজ, হাওড়া, জেলার নেতা-নেত্রী, ছাত্র-যুবনেতাদের বরণ, হাওড়া জেলার বিশেষ কিছু ক্লাব ও এনজিও কে সম্বর্ধনা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের কল্যাণ ঘোষ, ২৭ নম্বর ওয়ার্ডের পুরমাতা মল্লিকা রায়চৌধুরী, ৩৮ নম্বর ওয়াডের পুরপিতা ও এমআইসি। সাস্তনু ব্যানার্জী, ৪৩ নম্বর ওয়ার্ডের পুরপিতা ও বোরো চেয়ারম্যান দেবাংশু দাস, ৫০ নম্বর ওয়াডের সভাপতি সৌরভ দাস প্রমুখ। সভাপতি রাহুল অধিকারির বক্তব্য, এমন কিছু কাজ করবো যেটা আমরাই প্রথম করব তারপর সবাই। আর যেটাই করবো সেটাতে মানুষেরই ভালো হবে।

পাগলা কুকুরের আতঙ্কে ভুগছেন হাবড়ার বাসিন্দারা

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : পাগলা কুকুরের আতঙ্কে ভুগছেন উত্তর ২৪ পরগনার হাবড়ার জানাপুল এলাকার সাধারণ মানুষ। গত কয়েকদিন প্রায় ৩০ জনের মতো মানুষ কুকুরের কামড়ে আক্রান্ত হয়েছেন। পাগল কুকুরের কামড়ে আক্রান্ত হয়েছেন উত্তর হাবড়ার বাদাতলা থেকে চোংদা সহ প্রতাপনগর এলাকার মানুষজনও। হাবড়া হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, শুক্রবারেই মোট ২১ জন কুকুরের কামড়ে আক্রান্ত রোগী এসেছেন। তাদের ইনজেকশানও দেওয়া হয়েছে। সব মিলিয়ে পাগলা কুকুরের আতঙ্কে কার্যত গৃহবন্দি হয়ে রয়েছেন ওই তিন এলাকার আট থেকে আশি প্রত্যেকেই। হাবড়া পুরসভার পাগলা কুকুর ধরার ন্যূনতম পারিকাঠামো না থাকার কারণেই নাজেহাল হচ্ছে হাবড়াবাসী। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, একটা সাদা কালো রঙের কুকুর এই আতঙ্কের কারণ। এলাকার বাসিন্দারা জানান, রাস্তার পাশে আপাত শান্ত ভাবে কুকুরটি শুয়ে থাকলেও পাশ থেকে কেউ যেতে গেলেই আক্রমণ করছে সে। কিছু বুঝে ওঠার আগেই পিছন থেকে এসে ঝাঁপিয়ে পড়ছে। পাগলা এই কুকুরের আক্রমণ থেকে রেহাই মিলছে না বাচ্চা থেকে বুড়ো কারোরই। সবথেকে বেশি আক্রমণের মুখে পড়েছেন হাবড়ার জনাপুল এলাকার বাসিন্দারা। সাধারণ মানুষের গত কয়েক দিনের অভিজ্ঞতা বলছে, কেউ বাজারে বা কেউ অফিসের কাজে বাড়ির বাইরে বের হলেই আর রক্ষে নেই। সাদা কালো-রঙের এই পাগল কুকুরের কামড় নিয়েই ফিরতে হচ্ছে ঘরে। পাগলা কুকুরের ভয়ে স্থানীয় বাসিন্দারা তাদের বাচ্চাদের বাইরে বের হওয়া নিষেধ করে দিয়েছেন। ফলে পড়াশুনো বন্ধ করে ঘরবন্দি শিশুরাও। ইতিমধ্যেই এলাকার সাধারণ মানুষ কুকুরের তাণ্ডবের খবর পৌঁছে দিয়েছেন হাবড়া থানা ও পুরসভায়। কিন্তু কীভাবে ধরা যাবে এই খ্যাপাটে কুকুরটিকে, বুঝতে পারছেন না কেউই। ভুক্তভোগী সাধারণ মানুষের অভিযোগ, কুকুর ধরার দায় বন দফতরের। এটা জানিয়েই নিজেদের দায় সারছে স্থানীয় প্রশাসন। ফলে প্রশাসনের দ্বারস্থ হয়েও লাভের লাভ কিছুই হচ্ছে না। এই বিষয়ে হাবড়া পুরসভার পুরপ্রধান নিলিমেশ দাস জানান, বিষয়টি শুনেছি। কিন্তু পাগলা কুকুর ধরার দায় বনদফতরের। এটা জানিয়েই নিজেদের দায় সারছে স্থানীয় প্রশাসন। এই বিষয়ে হাবড়া পুরসভার পুরপ্রধান নিলিমেশ দাস জানান, বিষয়টি শুনেছি। কিন্তু পাগলা কুকুর ধরার মতো পরিকাঠামো পুরসভার নেই। তবে বিষয়টি বন দফতরকে জানাব।

ওদের সাহায্যেই ধরতে হবে। বিষয়টি প্রসঙ্গে অবশ্য উত্তর ২৪ পরগনা জেলা বন দফতরের আধিকারিক সুকুমার দাস জানান, এই বিষয়ে বন দফতর কিছুই জানে না।

হাওড়ায় গ্রামীণ এলাকায় ঢেঁকিতে পিঠে পুলির চাল কোটা হচ্ছে।

NOTICE FOR PUBLIC HEARING

Electricity Department, UT of Andaman & Nicobar Islands has filed the petition for Approval of True up for FY 2014-15, Annual Performance Review of FY 2017-18 and Determination of Tariff for 2018-19 in respect of Electricity Department, Andaman & Nicobar Islands, Port Blair (Petition No.248/2017) before the Joint Electricity Regulatory Commission for the State of Goa and Union Territories Petition is available on website – http://electricity.and.nic.in.

The commission shall hold a public hearing at Port Blair on 22.01.2018 for approval of True up for FY 2014-15, Annual Performance Review of FY 2017-18 and Determination of Tariff for 2018-19.

Schedule of Public Hearing for all categories of Consumers		
Date	Venue	Subject
22nd January, 2018 from 02.30 pm Onwards	ALHW Multipurpose Hall, Foreshore Road (Beside Fisheries Jetty, Phoenix Bay)	Public hearing for Approval of True up for FY 2014-15, Annual Performance Review of FY 2017-18 and Determination of Tariff for 2018-19.

All the General Public and other stakeholders including those who are intending to file their objections / suggestions may attend the said public hearing.

1271/18

Superintending Engineer
Electricity Department

বোরো চাষের জলের দাবিতে পথ অবরোধ

নিজস্বসংবাদদাতা, পূর্ব মেদিনীপুর : এগরার বোলকুশদা সবুজ সংঘের উদ্যোগে শনিবার হাকান্ডাপুকুর পার্শ্বস্থ ময়দানে সাতদিনের নক আউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা হয়। ম্যাচে ১ রানে জয়ী হয় কোলকাতা একাদশ সংঘ। রানার্স হয় বালিসাই অগ্নিবীণা ক্লাব। প্রথমে ব্যাট করতে নেমে বালিসাই অগ্নিবীণা ক্লাব ১৬ ওভারে ৬ উইকেটের বিনিময়ে ১৫২ রান করে। তারপর ব্যাট করতে নেমে কোলকাতা একাদশ সংঘ ১৪ ওভারে ৪ উইকেটের বিনিময়ে ১৫৩ রান করে। ১ রানে জয়ী হয় কোলকাতা একাদশ সংঘ। জয়ী দলের হাতে ১৫ হাজার টাকা ও ট্রাফি তুলে দেন রাজ্য স্পোর্টস কাউন্সিলের সদস্য বিশ্বজিৎ মাইতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের মৎস্য ও প্রাণী সম্পদ কর্মাধ্যক্ষ দেবব্রত দাস, রানার্স দলের হাতে ১০ হাজার টাকা ও ট্রফি তুলে দেন। দীর্ঘ ২০ বছর গ্রামবাসীদের সাহায্যে প্রতিযোগিতা হচ্ছে।

বোরো চাষের জলের দাবিতে পথ অবরোধ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া: বোরো চাষের জলের দাবিতে পথ অবরোধ করল স্থানীয় চাষিরা। শনিবার সকালে হাওড়ার জয়পুর থানার মনসাতলায় ঘটনাটি ঘটে। স্থানীয় সূত্র মারফত জানা গিয়েছে, জয়পুর এলাকার ওপর দিয়ে বয়ে চলেছে শর্টকাট ক্যানেল। এই ক্যানেলটি দামোদর ও রূপনারায়ণের মধ্যে সংযোগকারী খাল হিসাবে ব্যবহৃত হয়। গত বন্যায় জয়পুরের বিস্তীর্ণ এলাকা ভেসেছিল এই ক্যানেলের বাঁধ ভেঙে। কিন্তু বোরো মরশুমে ক্যানেলটি শুকনো। পাশাপাশি চলছে ক্যানেলটি কাটাইয়ের কাজ। ফলে এখনই জল না পেয়ে বোরো চাষের জন্য বীজতলা কার্যত শুকিয়েগিয়েছে।

CHANGE OF NAME

I,Sushil kumar Soni, s/o Mahadev Prasad Soni, R/o 30A, Burtolla Street, Kolkata-700007, declare That Sonam Soni and Sonam Verma identically refer to one and same identical person not are different person as per affidavit sworn before the notary public at kolkata on 12-1-2007.